গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মহিপাল সরকারি কলেজ, ফেনী

তারিখ:১৪/০৮/২০২১খ্রি.।

## এইচ.এস.সি. পরীক্ষা ২০২১এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী Covid-19 অতিমারীর কারণে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ঘরে বসে ২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার ফরম পূরণ ও পরীক্ষার ফি সম্পূর্ণরূপে অনলাইনে প্রদান করতে হবে।
মহিপাল সরকারি কলেজ, ফেনী'র এইচ.এস.সি পরীক্ষা-২০২১ সালের নিয়মিত, অনিয়মিত এবং মানউন্নয়ন পরীক্ষার্থীদের ব্যক্তিগত তথ্য (পূর্বে যারা প্রদান করেছে তারা ব্যতিত) আগামী ১৮/০৮/২০২১খ্রি. তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষার্থীদেরকে সঠিক তথ্য দিয়ে প্রদত্ত https://forms.gle/WCubyPrNpD1jA8rV8 লিংকের মাধ্যমে অনলাইনে ফরম পূরণ বাধ্যতামূলক।

### ১। শিক্ষা বোর্ড কর্তৃক নির্দেশনাবলী সমূহ:

(ক) এইচ.এস.সি পরীক্ষা ২০২১ উপলক্ষে কোন নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে না।

(খ) কেবল বৈধ রেজিস্ট্রেশনরাধী শিক্ষার্থীগণ আবেদন ফরম পূরণ করতে পারবে। কোন পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

(গ) নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, শুধু আবশ্যিক বিষয় (বাংলা, ইংরেজি, আইসিটি) অকৃতকার্য ও জিপিএ উন্নয়নে পরীক্ষার্থী অর্থাৎ সকল ধরণের পরীক্ষার্থীকে অবশ্যই ফরম পূরণ করতে হবে। ফরম পূরণ ব্যতিত পরীক্ষার ফলাফল প্রকাশের সুযোগ নাই।

(ঘ) পরীক্ষার্থী বা তার অভিভাবক এ বছর সোনালী ব্যাংকের মোবাইল অ্যাপ সোনালী ই-সেবা (Sonali eSheba) এর মাধ্যমে ঘরে বসেই বোর্ড ফি, কেন্দ্র ফি এবং প্রতিষ্ঠানের পাওনা পরিশোধ করতে হবে এবং পরীক্ষার ফি পরিশোধের মাধ্যম হিসেবে Nagad, bKash, Rocket, Upay, Sonali eWallet ইত্যাদি ব্যবহার করে উপরোক্ত ফি পরিশোধ করা যাবে।

### ২। এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত:

(ক) যে সকল পরীক্ষার্থী ২০১৮ ও ২০১৯ সালের এইচ.এস.সি পরীক্ষায় এক বা একাধিকবার অংশগ্রহণ করে এক/দুই বিষয় (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছিল রেজিস্ট্রেশন মেয়াদ থাকা স্বাপেক্ষে তারা ২০২১ সালে অনুষ্ঠিতব্য এইচ.এস.সি. পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য অনুপস্থিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পরীক্ষার্থীগণ ইচ্ছ করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে নিয়মিত পরীক্ষার্থীদের ন্যায় গ্রুপ ভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয়ের পরীক্ষার জন্য ফরম পূরণ করতে পারবে।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০১৮ ও ২০১৯ সালের এইচ.এস.সি পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত হয়ে ২০১৮ ও ২০১৯ সালে এইচ.এস.সি পরীক্ষায় ঐ একই বিষয়ের পরীক্ষায়

অংশগ্রহণকালে বহিস্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের পরীক্ষা বাতিল হয়েছে; রেজিস্ট্রেশন মেয়াদ থাকা স্বাপেক্ষে তারা ২০২১ সালের সকল বিষয় (গ্রুপ ভিত্তিক তিনটি নৈর্বাাচনিক বিষয়)/এক/দুই বিষয়ের পরীক্ষার জন্য ফরম পূরণ করতে পারবে।

**(বি:দ্র:– আবশ্যিক বিষয়ের কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না তবে আবশ্যিক বিষয় অকৃতকার্য শিক্ষার্থীকে ফরম পূরণ করতে হবে এবং শুধুমাত্র গ্রুফভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয় অ্যাসাইনমেন্ট জমাদিতে হবে।)**

**২৫/০৮/২০২১ খ্রি. থেকে ৩০/০৮/২০২১ খ্রি. তারিখ এর মধ্যে নিম্নলিখিত নির্দেশনা মোতাবেক ফরম পূরণে ফি প্রদান করতে হবে।**

## ৩। **পরীক্ষার্থীর করণীয়:**

SMS এর মাধ্যমে পরীক্ষার্থীর নাম, এইচ.এস.সি'র রেজিষ্ট্রেশন নম্বর, এসএসসি'র (SSC) রোল, বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনাসহ সর্বমোট ফি আলাদাভাবে জানতে পারবে এবং পরীক্ষার ফি পরিশোধের জন্য একাধিক পদ্ধতি ও দেখতে পাবে।

**পরীক্ষার ফি পরিশোধ পদ্ধতি:**

(ক) SMS এ প্রাপ্ত Link ব্যববহার করে অথবা সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে। এছাড়া বোর্ডের ওয়েবসাইটের (www.comillaboard.gov.bd) Student Panel থেকেও সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পাারবে।

(খ) উক্ত তিনটি পদ্ধতিতেই ঘরে বসে সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে **Nagad, bKash, Rocket, Upay, Sonali eWallet** ইত্যাদি যে কোন একটির মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে। তাছাড়া যে কোন **Visa, Master Card, American Express, DBBL Nexus** ব্যবহার করেও পরীক্ষার ফি প্রদান করা যাবে। এছাড়াও সোনালী ব্যাংকের একাউন্টধারীরা অনলাইন পেমেন্টে এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে।

(গ) এ ক্ষেত্রে সোনালী ব্যাংক এবং মোবাইল ফিন্যান্সশিয়াল সার্ভিস (MFS) এর সার্ভিস চার্জও ( বোর্ড কর্তৃক নির্ধারণকৃত) অপারেটর কেটে নিবে। যে অপারেটরের মাধ্যমে ফি পরিশোধ করা হবে সেই অপারেটরের সংশ্লিষ্ট একাউন্টে/ওয়ালেটে বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনা এবং সার্ভিস চার্জসহ সর্বমোট টাকার নুন্যতম ব্যালান্স থাকতে হবে।

(ঘ) পেমেন্ট করার পর পরীক্ষার্থীকে তার ফরম পূরণ সম্পন্ন হয়েছে মর্মে একটি SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। কোন কারিগরি ত্রুটির কারণে পরীক্ষার্থী SMS না পেলে বোর্ডেও ওয়েবসাইটে Student Panel থেকে তার ফরম পূরণের Status যে কোন সময় দেখতে পারবে। **প্রতিষ্ঠান কর্তৃক নির্বাচিত পরীক্ষার্থীরাই ফরম পূরণের জন্য ফি জমা দিতে পারবে।**

**(বি:দ্র: নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তার ফরম পূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে।)**

**যে সকল শিক্ষার্থী বেতন ও সেশন ফি এর টাকা এখনো প্রদান করে নাই তাদেরকে আগামী ১৮/০৮/২০২১ খ্রি. তারিখ এর মধ্যে বেতন ও সেশন ফি প্রদানের জন্য নির্দেশ দেওয়া গেল।**

**৪। বেতন ও সেশন ফি এর তালিকাঃ**

সেশন ফি জমাদানের ওয়েব সাইট http://mgc.genexapp.com/ লগইন করে Username: হবে শ্রেণি রোল নম্বর (৮৮৮৮৮)এবং Password: শ্রেণি রোল নম্বর (৮৮৮৮৮) এর সাথে ১২৩৪ দিয়ে লগইন করলে শিক্ষার্থী তার সকল তথ্য দেখতে পাবে। Mobile Banking এর মাধ্যমে bKash/Rocket/সোনালী সেবার যে কোন একটি ব্যবহার করে ফি জমা দিতে হবে।

| বিভাগ / শাখা | টাকার পরিমাণ | |
|---|---|---|
| | ছাত্র | ছাত্রী |
| মানবিক | ২,৭৫০/- | ২,৫১০/- |
| ব্যবসায় | ২,৭৫০/ | ২,৫১০/ |
| বিজ্ঞান | ২,৭৫০/ | ২,৫১০/ |

**বি:দ্র: শিক্ষামন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক এইচ.এস.সি পরীক্ষা-২০২১এ অংশগ্রহণকারী পরীক্ষার্থী প্রত্যেকে ৫০/-(পঞ্চাশ) টাকা হারে ফরম পূরণ ব্যবস্থাপনা ফি বোর্ড ফি'র সাথে পরিশোধ করতে হবে।**

২৪/০৮/২০২১

প্রফেসর মোহাম্মদ জসিম উদ্দিন
অধ্যক্ষ
মহিপাল সরকারি কলেজ, ফেনী
মোবাইল: ০১৩০৯-১৩৪৫৮৯

প্রফেসর মোহাম্মদ জসিম উদ্দিন (৭৬৫৬)
অধ্যক্ষ
মহিপাল সরকারি কলেজ, ফেনী।
ফোন : ০৩৩১-৭৪০৭৬